



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 5 OCTOBER 2026, MONDAY | ৫ অক্টোবর ২০২৬, সোমবার

VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-301

রাজাভাতিখাওয়ায় চালু হলো নতুন পুলিশ আউটপোস্ট



মলয় দেবনাথ , এই যুগ , আলিপুরদুয়ার , ৪ অক্টোবর : বক্রা ব্যাঘ্র প্রকল্পের প্রবেশদ্বার রাজাভাতিখাওয়ায় আজ শুভ উদ্বোধন হলো নতুন পুলিশ আউটপোস্টের। আলিপুরদুয়ার জেলার অন্যতম বিখ্যাত পর্যটন কেন্দ্র এই রাজাভাতিখাওয়া। সারা বছর দেশ-বিদেশের পর্যটকরা এখানে ভিড় জমান। সম্প্রতি বক্রা জঙ্গলে রয়েল বেঙ্গল টাইগার ছাড়ার পর রাজাভাতিখাওয়ার গুরুত্ব আরও বেড়েছে। সেই কথা মাথায় রেখেই প্রশাসনের এই উদ্যোগ। এদিন এই আউটপোস্টের আনুষ্ঠানিক উদ্বোধন করেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা ও উত্তরবঙ্গের আইজিপি সুকেশ কুমার জৈন। এছাড়া উপস্থিত ছিলেন আলিপুরদুয়ারের জেলাশাসক , জেলা পুলিশের আধিকারিক , বনদপ্তরের আধিকারিক সহ প্রশাসনের শীর্ষ কর্তারা। স্থানীয় বাসিন্দারা এই উদ্যোগে অত্যন্ত খুশি। রাজাভাতিখাওয়া সংলগ্ন এলাকায় বহু বনবস্তি রয়েছে এবং বক্রা পাহাড়ের মতো প্রত্যন্ত এলাকায় ১৩টি গ্রাম রয়েছে। নতুন এই আউটপোস্ট চালু হওয়ায় বনবস্তি ও পাহাড়ের বাসিন্দারা খুশি। বাসিন্দারা জানান এতদিন কালচিনি খানায় যেতে হত কিন্তু এখন নিজের এলাকায় পুলিশ আউটপোস্ট হয়ে যাওয়ায় আমাদের সুবিধা হবে।

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রাক্তনী তিন মন্ত্রীকে সংবর্ধনা উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সমিতির



নিজস্ব সংবাদদাতা , এই যুগ , শিলিগুড়ি , ৪ অক্টোবর : রবিবার উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় প্রাক্তনী সমিতির উদ্যোগে সংবর্ধনা জ্ঞাপন করা হয় উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী এবং কেন্দ্রীয় মন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার , রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ ও রাজ্যের শিক্ষামন্ত্রী দীপক বর্মন কে। জানা গেছে এদিন ছিলো এই সমিতির রজত জয়ন্তী বর্ষের সমাপ্তি অনুষ্ঠান। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্র ভানু মঞ্চে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এই তিন মন্ত্রী সহ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী তথা নিজ নিজ ক্ষেত্রে কৃতি আরও অনেকে। জানা গেছে কেন্দ্রীয় ও রাজ্য আইন সভায় নির্বাচিত প্রতিনিধিদের পাশাপাশি প্রাক্তনী কৃতিদের ও সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ জানান শিক্ষা , সংস্কৃতি ও সমাজের প্রতি দায়বদ্ধতা আরও দৃঢ় করার লক্ষ্যে প্রাক্তনী সমিতির এই উদ্যোগকে স্বাগত।

Contact No: 9836753661

**Graphic Design
and Print Work**

Desing work : Newspaper , Magazine,
Book , Flex , Poster , Cartoon , Logo


Publishing work

Publishing work : Newspaper , Magazine , Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE


ADDs: BANKRA DAKSHIN PALLY , HOWRAH-711403 , WEST BENGAL

আলিপুরদুয়ার জংশনে প্রচুর পরিমাণ মদ উদ্ধার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ অক্টোবর : মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশের পরেই আরও তৎপর পুলিশ প্রশাসন। বেআইনি মদের কারবার রুখতে এবার সক্রিয় ভূমিকায় দেখা গেল আলিপুরদুয়ার জংশন ফাঁড়ির পুলিশকে। গোপন সূত্রে খবর পেয়ে ওসি সোনা লামার নেতৃত্বে আলিপুরদুয়ার জংশন সংলগ্ন একাধিক এলাকায় অতর্কিত অভিযান চালায় পুলিশ। সেই অভিযানে উদ্ধার হয়েছে বিপুল পরিমাণ মদ। পুলিশ সূত্রে পাওয়া প্রাথমিক তথ্য অনুযায়ী, আলিপুরদুয়ার জংশন সংলগ্ন বিভিন্ন এলাকায় বেআইনি মদের কারবারের খবর পেয়ে অভিযান চালানোর উদ্যোগ নেওয়া হয়। এরপরই জংশন ফাঁড়ির ওসি সোনা লামার নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী বিভিন্ন এলাকায় হানা দেয়। আকস্মিক এই অভিযানে এলাকায় ব্যাপক তৎপরতা লক্ষ্য করা যায়। মুখ্যমন্ত্রীর নির্দেশের পর আইনশৃঙ্খলা রক্ষা এবং বেআইনি কার্যকলাপের বিরুদ্ধে নজরদারি আরও জোরদার করার বার্তার মধ্যেই পুলিশের এই অভিযান বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। তবে উদ্ধার হওয়া মদের সঠিক পরিমাণ, অভিযানে কেউ আটক বা গ্রেফতার হয়েছেন কি না এবং উদ্ধার হওয়া মদের বৈধ কাগজপত্র ছিল কি না, সে বিষয়ে বিস্তারিত তথ্য এখনও জানা যায়নি। উৎসবের মরশুমে বেআইনি মদের কারবার রুখতে পুলিশের এই অভিযান কতটা কার্যকর হয়, এখন সেদিকেই নজর রয়েছে। আগামী দিনে জংশন সংলগ্ন অন্যান্য এলাকাতেও নজরদারি ও অভিযান অব্যাহত থাকে কি না, তা নিয়েও কৌতূহল তৈরি হয়েছে।

বিশ হাজার টাকা চাওয়ার অভিযোগ বিজেপির নেতার বিরুদ্ধে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ অক্টোবর : বিতর্ক যেন পিছু ছাড়ছে না কুমারগ্রাম বিধানসভার চার নম্বর মণ্ডলের বিজেপি নেতৃত্বের। বিধানসভা ভোটের পর থেকেই একের পর এক বিতর্কে জড়ানেন মণ্ডলের নেতারা। এবার বিতর্কে জড়ালেন মণ্ডলের সাধারণ সম্পাদক অমিত আইন। অভিযোগ, লোকনাথপুরের প্রভাতপাড়ার বাসিন্দা বিনীতা বিশ্বাসের বাড়িতে পারিবারিক অশান্তির জেরে ১০০ নম্বরে ফোন পেয়ে পুলিশ দুর্জয় দাস নামে এক ব্যক্তিকে আটক করে শামুকতলা খানায় নিয়ে যায়। তাকে ছাড়াতে পরিবারের লোকেরা বিজেপি নেতা অমিত আইনের দ্বারস্থ হন। অভিযোগ, থানা থেকে ছাড়িয়ে দেওয়ার নাম করে ২০ হাজার টাকা দাবি করেন অমিত। টাকা দিতে না পারায় দুর্জয়কে আদালতে পাঠায় পুলিশ। এই ঘটনার একটি ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়, যা পোস্ট করেন বিনীতাই। যদিও অমিত আইনের দাবি, এই ঘটনা সম্পর্কে তিনি কিছুই জানেন না। কেউ বা কারা তাকে বদনাম করতে ভিডিও বানিয়ে ছড়িয়েছে। তিনি ওই মহিলার বিরুদ্ধে থানায় অভিযোগও করবেন না বলে জানিয়েছেন। তিনি বলেন, তিনি সততার সঙ্গে দল করেন, দল তদন্ত করে দেখুক। এদিকে রবিবার বিনীতার আরেকটি ভিডিও ভাইরাল হয়, যেখানে তিনি বলেন টাকা-পয়সার কোনও বিষয় নেই। এর পর থেকেই বিনীতা মোবাইল বন্ধ করে আত্মগোপন করে আছেন বলে অভিযোগ। এলাকায় তল্লাশি করেও তাকে পাওয়া যায়নি। অনেকের মতে, চাপের মুখে পড়েই দ্বিতীয় ভিডিওটি করানো হয়েছে। দুর্জয় জানিয়েছেন, তিনি পরিয়ালী শ্রমিক, তার পরিবারের পক্ষে এত টাকা দেওয়া সম্ভব নয়। এই ঘটনায় ফের প্রকাশ্যে এসেছে চার নম্বর মণ্ডলের গোষ্ঠীদ্বন্দ্ব। বর্তমানে সেখানে তিনটি গোষ্ঠী সক্রিয়, যারা নিজেদের ক্ষমতা জাহির করতে মরিয়া। বিষয়টি নিয়ে মণ্ডল সভাপতি বা জেলা সভাপতির কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

ট্রান্সফরমার চুরি করার অভিযোগে সরগরম আলিপুরদুয়ার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ অক্টোবর : রেলের তত্ত্বাবধানে থাকা ১১ হাজার ভোল্টের ট্রান্সফরমার চুরির ঘটনাকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য ছড়াল আলিপুরদুয়ারের মাঝের ডাবরি চা বাগান সংলগ্ন এলাকায়। অভিযোগ, ট্রান্সফরমার চুরি করার পর ঘটনাস্থলে কার্যত লগুভণ্ড অবস্থায় সরঞ্জাম ফেলে রেখে পালিয়ে যায় দুষ্কৃতীরা। আর এই ঘটনাকে ঘিরেই এবার রেলের নিরাপত্তা ব্যবস্থা ও নজরদারি নিয়ে উঠতে শুরু করেছে একাধিক গুরুতর প্রশ্ন। রেলের সম্পত্তি কি দুষ্কৃতিদের নিশানা? যে এলাকায় রেলের তত্ত্বাবধানে থাকা গুরুত্বপূর্ণ বৈদ্যুতিক পরিকাঠামো রয়েছে, সেখানে কীভাবে এমন চুরির ঘটনা ঘটল? ট্রান্সফরমারের মতো গুরুত্বপূর্ণ সরঞ্জাম খুলে নিয়ে যাওয়ার সময় কি কারও নজরেই পড়ল না? ঘটনাস্থলে নিরাপত্তারক্ষীদের নজরদারি কতটা সক্রিয় ছিল? নাকি নজরদারির ফাঁক গলেই দুষ্কৃতীরা নিজেদের কাজ হাসিল করে পালিয়ে গেল? এই প্রশ্নগুলিই এখন সামনে আসছে। ১১ হাজার ভোল্টের বৈদ্যুতিক পরিকাঠামোর সঙ্গে যুক্ত সরঞ্জাম চুরির ঘটনা শুধু রেলের সম্পত্তির ক্ষতির বিষয় নয়, এর সঙ্গে জড়িয়ে রয়েছে বিদ্যুৎ পরিকাঠামোর নিরাপত্তা এবং সম্ভাব্য বিপদের প্রশ্নও। এমন গুরুত্বপূর্ণ সরঞ্জাম চুরি করতে দুষ্কৃতীরা কীভাবে সাহস পেল, তা নিয়েও উঠছে প্রশ্ন। ঘটনার পর স্বাভাবিকভাবেই দাবি উঠছে, বিষয়টি গুরুত্ব দিয়ে তদন্ত করা হোক এবং চুরির সঙ্গে কারা জড়িত, তা চিহ্নিত করে দ্রুত আইনি পদক্ষেপ করা হোক। পাশাপাশি, রেলের অধীনস্থ সম্পত্তি রক্ষায় নজরদারি ও নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার প্রয়োজনীয়তাও সামনে এসেছে। সবচেয়ে বড় প্রশ্ন, রেলের গুরুত্বপূর্ণ সম্পত্তি যদি এভাবেই চোরের নিশানায় চলে আসে, তাহলে নিরাপত্তার দায়িত্বে থাকা ব্যবস্থার কার্যকারিতা কোথায়? মাঝের ডাবরির এই ঘটনায় সেই প্রশ্নের উত্তর দেওয়ার দায় এড়াতে পারে না সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। এখন দেখার, ঘটনার তদন্তে কী উঠে আসে এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনা ঠেকাতে আদৌ কোনও কঠোর পদক্ষেপ করা হয় কি না। এদিকে গোটা ঘটনা তদন্ত আর পি এফ এর পক্ষ থেকে শুরু হয়েছে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

পাচারের পথে উদ্ধার চুয়ান্টি মহিষ,গ্রেপ্তার দুই



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ অক্টোবর : আলিপুরদুয়ার জেলা পুলিশের কুমারগ্রাম থানার অধীন বারোবিশা ফাঁড়ির পুলিশ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার সকাল এগারোটা নাগাদ সাতাশ নম্বর জাতীয় সড়কের রায়ডাক দুই নম্বর ব্রিজের নাকা চেকিং পয়েন্টে রাজস্থান নম্বরের একটি কন্টেইনার ট্রাক আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক কন্টেইনার থেকে উদ্ধার হয় চুয়ান্টি মহিষ। মহিষগুলি পরিবহনের কোন বৈধ নথিপত্র চালক দেখাতে না পারায় কন্টেইনার ট্রাক সহ মহিষগুলিকে বাজেয়াপ্ত করে চালক ও সহকারী চালককে গ্রেপ্তার করে পুলিশ। চালকের নাম সাহারাজ খান (৩৪)ও সহকারী চালকের নাম দানিশ (২৪),দুজনেই উত্তরপ্রদেশের বাসিন্দা।মহিষগুলিকে নিরাপদ স্থানে রাখা হয়। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আলিপুরদুয়ার জেলা আদালতে পেশ করা হবে বলে জানিয়েছে পুলিশ। পুলিশের অনুমান বিহার থেকে মহিষগুলি অসমে পাচারের ছক কষেছিলো পাচারকারীরা। এই পাচারচক্রে কারা জড়িত সে বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ।

ভারত বাংলাদেশ সীমান্তে বিএসএফ ও পুলিশের যৌথ অভিযান,উদ্ধার এক হাজার ইয়াবা ট্যাবলেট ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৪ অক্টোবর : বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে রবিবার সন্ধ্যায় বি এস এফ ও পুলিশ যৌথ অভিযান চালিয়ে ভারত বাংলাদেশ সীমান্তের দিনহাটা মহকুমার একটি বাড়িতে অভিযান চালায়। বাড়িতে তল্লাশী চালিয়ে নয়রাহাট তদন্ত কেন্দ্রের পুলিশ ও হাবড়ি বি ও পিতে কর্মরত বি এস এফ এর একশ আটত্রিশ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা এক হাজার ইয়াবা ট্যাবলেট ও একটি মোবাইল ফোন উদ্ধার করে। গ্রেপ্তার করা হয় এক ব্যক্তিকে। জানা গেছে বাংলাদেশে পাচারের উদ্দেশ্যে ধৃত ব্যক্তি মাদক ইয়াবা ট্যাবলেট মজুত করেছিলো। ধৃতের নাম ইসমাইল খান, দিনহাটা থানার শুকারুপকুঠীর বাসিন্দা। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পাঠানো হয়েছে। আরও কেউ এই চক্রে জড়িত আছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL